# চার ইমামের আকীদাহ (আবূ হানীফা, মালেক, শাফে‘ঈ ও আহমাদ ইবন হাম্বল)

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন ও উত্তর

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

প্রশ্ন: যখন তোমাকে জিজ্ঞেস করা হয়, মূর্খরা যেসব মৃতকে সম্মান করে তাদের কতকের কবরের পাশে কখনো কখনো এসব কি শুনা যায়?

উত্তর: বল, এ সব হলো শয়তান জিনদের আওয়াজ। তারা মূর্খদের ধারণা দেয় যে, এটা হচ্ছে কবরস্থ ব্যক্তির শব্দ। যাতে এরা তাদেরকে ফেতনায় ফেলতে পারে এবং তাদের ওপর তাদের দীনকে সন্দেহযুক্ত করে তুলে এবং তাদের গোমরাহ করে। কুরআনের সুস্পষ্ট দলীল দ্বারা প্রমাণিত যে, যারা কবরবাসীদের ডাকে ও আহ্বান করে, তারা তাদের ডাক ও আহ্বান শোনে না এবং উত্তর দেয় না। আল্লাহ তা‘আলা বলেন, “আপনি মৃতদের শুনাতে পারবেন না”। [সূরা নামাল, আয়াত: ৮০] তিনি আরো বলেন,

إِن تَدۡعُوهُمۡ لَا يَسۡمَعُواْ دُعَآءَكُمۡ

“যদি তোমরা তাদেরকে ডাক তারা তোমাদের ডাক শুনবে না”। [সূরা ফাতির, আয়াত: ১৪] তিনি আরো বলেন,

وَمَآ أَنتَ بِمُسۡمِعٖ مَّن فِي ٱلۡقُبُورِ

“যারা কবরে আছে আপনি তাদেরকে শুনাতে পারবেন না”। [সূরা ফাতির আয়াত: ২২] তারা কিভাবে সাড়া দেবে? অথচ তারা বারযাখী জগতে রয়েছে। দুনিয়ার লোকদের সাথে তাদের কোনো সম্পর্ক নেই। আল্লাহ তা‘আলা বলেন,

﴿وَهُمۡ عَن دُعَآئِهِمۡ غَٰفِلُونَ ٥﴾ [الاحقاف: ٥]

“অথচ তাদের দুআ থেকে তারা উদাসীন”। [সূরা আহকাফ, আয়াত: ৫]

Source — https://www.hadithbd.com/books/link/?id=9972

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন